গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০৭.২৩.৭৯৬

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০
০৪ অক্টোবর ২০২৩

বিষয়: সেপ্টেম্বর, ২০২৩-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ অফিস স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের সেপ্টেম্বর, ২০২৩-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০৪/১০/২৩

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: সেপ্টেম্বর ২০২৩ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০২-১০-২০২৩ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১৩২৪২ | ১০০৭১ | ৩১৭১ | |
| মোট | ১৩২৪২ | ১০০৭১ | ৩১৭১ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৭০ | ৪০১ | ১৯৬৬ | ৬৩৪ | ৩১৭১ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি
সিস্টেম এনালিস্ট -০১টি
উপপরিচালক -০৫টি
সহকারী পরিচালক -১৮টি
সমাজসেবা অফিসার/সমমান -১৪৫টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০৭ | - | ০৭ | - | - | - | ৩য় শ্রেণী হতে ২য় শ্রেণিতে পদোন্নতি |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৭২১.৪৫ (সাতশত একুশ কোটি পঁয়তাল্লিশ লক্ষ টাকা) | ৩৯.৮০৯৬৬ (উনচল্লিশ কোটি আশি লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত টাকা) ৬% | - | - |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। ০৮টি সরকারি শিশু পরিবারে ২৫ শয্যাবিশিষ্ট শান্তি নিবাস স্থাপন;<br>২। Urban Management of Internal Migration Due To Climate Change Project (UMIMCC), Phase-II (1st Revision) | - | - | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-৪০০টি (NON –SFI)<br>অগ্রিম- ২৪৪টি (SFI)<br>মোট- ৬৪৪টি | টাকার পরিমাণ<br>৬২০,৭৯,৩৮,৯০৮/-<br>৭৪৮,৪৮,৪৭,৩২০/-<br>১৩৬৯,২৭,৮৬,২২৮/-<br>(এক হাজার তিনশত উনসত্তর কোটি সাতাশ লক্ষ ছিয়াশি হাজার দুইশত আটাশ টাকা) | সাধারণ-১৯৩টি<br>অগ্রিম- ২৮৩টি<br>মোট- ৪৭৬টি | সাধারণ-০৪টি<br>অগ্রিম- ০১টি<br>মোট- ০৫টি<br>টাকার পরিমাণ<br>সাধারণ-৭৩৩৭৫৩৯৫/-<br>অগ্রিম-২১৮১২৭/-<br>মোট- ৭৩৫৯৩৫২২/-<br>(সাত কোটি পঁয়ত্রিশ লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত বাইশ টাকা) | সাধারণ-৩৯৬টি (NON –SFI)<br>অগ্রিম- ২৪৩টি (SFI)<br>মোট- ৬৩৯টি<br>টাকার পরিমাণ<br>৬১৩,৪৫,৬৩,৫১৩/-<br>৭৪৮,৪৬,২৯,১৯৩/-<br>১৩৬১,৯১,৯২,৭০৬/-<br>(এক হাজার তিনশত একষট্টি কোটি একানব্বই লক্ষ বিরানব্বই হাজার সাতশত ছয় টাকা) | ১। ১৬টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ১৯/০৯/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ১৬টি আপত্তিই নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।<br>২। ১৭টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ২৬/০৯/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ৫টি আপত্তি পূর্বে নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১২টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।<br>৩। আগামী ০২/১০/২০২৩ তারিখ জেলা সমাজসেবা কার্যালয়, যশোর এ ১০টি আপত্তি নিষ্পত্তির বিষয়ে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হবে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০৬ | ০৯ | ১১৫ | ০০ | ০৪ | ০০ | ০৪ | ১০ | ১১১<br>১ম শ্রেণির ৩৪ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৫০ টি,<br>৪র্থ শ্রেণির ২২ টি<br>মোট = ১১১ টি |

## (৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জানুয়ারি-জুন ২০২৩ সেশনে ৯৫৮১ জন<br>নারী প্রশিক্ষণার্থী-৫২৭০ জন<br>পুরুষ প্রশিক্ষণার্থী-৪৩১১ জন |
| ২ | Special TOT onTraining Method (2nd batch) | ০৩ হতে ০৫ সেপ্টেম্বর ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ২৭ জন |
| ৩ | সহকারী সমাজসেবা কর্মকর্তাদের ৫২তম বুনিয়াদি প্রশিক্ষণ | ১০ সেপ্টেম্বর হতে ১৯ অক্টোবর ২০২৩ | | ২৯ জন |
| ৪ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ১০ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ২৭ জন |
| ৫ | আর্থিক ব্যবস্থাপনা কোর্স | ১৭ হতে ২১ সেপ্টেম্বর ২০২৩ | | ৩০ জন |
| ৬ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ২৬ হতে ২৭ সেপ্টেম্বর ২০২৩ | | ২৪ |
| ৭ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১০ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ৩৫ জন |
| ৮ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১৭ হতে ২১ সেপ্টেম্বর ২০২৩ | | ৩১ জন |
| ৯ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ২৫ হতে ২৭ সেপ্টেম্বর ২০২৩ | | ৩৪ জন |
| ১০ | Basic Computer Application | ১০ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২৩ জন |
| ১১ | Basic Computer Application | ১৭ হতে ২১ সেপ্টেম্বর ২০২৩ | | ২৩ জন |
| ১২ | Basic Computer Application | ২৪ হতে ২৫ সেপ্টেম্বর ২০২৩ | | ২১ জন |
| ১৩ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১০ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ২৮ জন |
| ১৪ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১৭ হতে ২১ সেপ্টেম্বর ২০২৩ | | ২৮ জন |

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৫ | ক্ষুদ্রঋণ কার্যক্রম ব্যবস্থাপনা | ১৬ হতে ২০ সেপ্টেম্বর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ১৯ জন |
| ১৬ | ক্ষুদ্রঋণ কার্যক্রম ব্যবস্থাপনা | ২৩ হতে ২৭ সেপ্টেম্বর ২০২৩ | | ২৫ জন |
| ১৭ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ০৩ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৩৫ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ০১ জন।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৭০ জন, ২য় শ্রেণির ৪০১ জন, ৩য় শ্রেণির ১,৯৬৬ জন এবং ৪র্থ শ্রেণির ৬৩৪ জনসহ মোট ৩ হাজার ১৭১ জনের জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ২০২৩-২৪ অর্থবছরে ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ এন্ট্রিকৃত মোট ১ কোটি ১৩ লক্ষ ৭৬ জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির অর্থ মোবাইল/এজেন্ট ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির ৬৫ লক্ষ ৯২ হাজার জনের (৩০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত) পেরোল পাওয়া গিয়াছে। অবশিষ্ট যে সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে তাদের পেরোল আসা প্রক্রিয়াধীন আছে। বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার জন্য নতুন ভাতা প্রাপ্তির অনলাইন আবেদন জমা পড়েছে মোট ৩৭ লক্ষ ৭ হাজার (৩০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত)।

(০২) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রম খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ অন্যান্য অনুদান (আবর্তক অনুদান/ক্ষুদ্রঋণ) খাতে ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরী আদেশ প্রশাসনিক মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। ছাড়কৃত ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকার বিল প্রস্তুতপূর্বক হিসাবরক্ষণ কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৩) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রম খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ প্রশিক্ষণ খাতে ১৩ লক্ষ ৭৫ হাজার টাকা এবং অন্যান্য মনিহারি খাতে ৫ লক্ষ ৫০ হাজার টাকাসহ সর্বমোট ১৯ লক্ষ ২৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৪) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১ম কিস্তি বাবদ ৫৩ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি আদেশ পাওয়া গেছে। ছাড়কৃত ৫৩ লক্ষ টাকার চেক পাওয়া গেছে।

(০৫) ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের অন্যান্য অনুদান বাবদ বরাদ্দকৃত ২৩ কোটি ৮৩ লক্ষ ৪০ হাজার টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ৫ কোটি ৯৫ লক্ষ ৮৫ হাজার টাকার চেক পাওয়া গিয়েছে।

(০৬) ২০২৩-২৪ অর্থবছরে শহর সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ১৫ কোটি টাকার মধ্যে অন্যান্য অনুদান বাবদ ১৩ কোটি ৯০ লক্ষ টাকার ১ম কিস্তি বাবদ ৩ কোটি ৪৭ লক্ষ ৫০ হাজার টাকা প্রশাসনিক মন্ত্রনালয় হতে ছাড়করণ করা হয়েছে।

(০৭) ৩২টি উপজেলায় পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের সকল ক্ষুদ্রঋণের আর্থিক হিসাবের সঠিকতা যাচাই ও অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষাকরণের লক্ষ্যে গত ১৩, ১৪, ১৯ ও ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে নিরীক্ষা কার্যক্রমের আয়োজন করা হয়েছে।

(০৮) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের ৫৩৭টি হাসপাতালে সেপ্টেম্বর ২০২৩ মাসে মোট ৫৫ হাজার ৭৭২ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্থিকভাবে উপকৃতের সংখ্যা ১২ হাজার ৫৩৩ জন, সামাজিকভাবে উপকৃতের সংখ্যা ৪৩ হাজার ২৯৩ জন। সরকারি অনুদান, ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান-অনুদান, যাকাত, ফিতরা, সমিতির সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে সেপ্টেম্বর ২০২৩ মাসে সংগৃহীত ৫৩৭টি রোগীকল্যাণ সমিতির সর্বমোট আয় ১ কোটি ২২ লক্ষ ৫৭ হাজার ৯৬৬ টাকা এবং ঔষধ, বিভিন্ন চিকিৎসা সহায়ক সামগ্রী, যাতায়াত ভাড়া, পথ্য, সরাসরি দ্রব্যসামগ্রী দান ইত্যাদি বাবদ সর্বমোট ব্যয় ১ কোটি ২৪ লক্ষ ৬ হাজার ৫০৪ টাকা।

(০৯) প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের আওতায় সেপ্টেম্বর ২০২৩ মাসে আদালত কর্তৃক মোট ৬১৬ জন দোষী সাব্যস্ত ব্যক্তিকে প্রবেশনে দেওয়া হয়েছে। মনিটরিং, ফলোআপ ও সংশোধনের মাধ্যমে মোট ২৫৫ জন প্রবেশনারকে প্রবেশনের মেয়াদ শেষে অব্যাহতির জন্য আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। আদালত কর্তৃক বিকল্পপন্থা বা ডাইভারশন প্রদানকৃত ১৬১ জন শিশুকে শিশু আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৭৯ জন সুবিধাবঞ্চিত শিশুকে বিকল্প পরিচর্যায় প্রেরণ করা হয়েছে। অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে ৩১৯ জন প্রবেশনার এবং কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত ২১৫ জন ব্যক্তিকে পুনর্বাসন করা হয়েছে। কারাগারের অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মোট ২ হাজার ২২৯৫ জন কয়েদিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সেপ্টেম্বর ২০২৩ মাসে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির ব্যয়ের পরিমাণ ২ লক্ষ ৩৫ হাজার ৮১১ টাকা।

(১০) **প্রবেশণ আইন, ২০২৩ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।**

(১১) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ৩২ লক্ষ ৮১ হাজার ৯৩৫ জন।

(১২) ছোটমনি নিবাস থেকে শিশুর অভিভাবকত্ব প্রদানের লক্ষ্যে 'অভিভাবকত্ব গ্রহণ আইন' প্রণয়ন সংক্রান্ত কমিটির ২য় সভা ২৮ আগস্ট ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে।

(১৩) ক্যাপিটেশন গ্রান্ট (সরকারি অনুদান) প্রাপ্ত বেসরকারি এতিমখানাসমূহের স্ব-স্ব গঠনতন্ত্র মোতাবেক ব্যাংক হিসাব পরিচালনার তথ্য নির্ধারিত 'ছক' অনুযায়ী পরবর্তী ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরে প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর ৪১.০১.০০০০.০৬২.১৬.০০২.২০.৮২ তারিখ ২৮ আগস্ট ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) একাদশ জাতীয় সংসদের সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ২৮ তম বৈঠকের কার্যবিবরণীর ১৪(২) ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী এতিম ও প্রতিবন্ধী ছেলে-মেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে অব্যবহৃত মেশিনারিজগুলো চালুকরণের জন্য দক্ষ জনবল নিয়োগের লক্ষ্যে জনবলের চাহিদা (শূন্যপদ পূরণ ও নতুন পদ সৃষ্টির প্রস্তাব) জরুরীভিত্তিতে অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর:

৪১.০১.০০০০.০৬২.১৮.০৫৪.১৫.৪৪৪ তারিখ ৩০ আগস্ট ২০২৩ যোগে জেনারেল ম্যানেজার (উপপরিচালক), এতিম ও প্রতিবন্ধী ছেলে-মেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (সকল) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) ২০২৪-২০২৫ অর্থবছর হতে সমাজসেবা অধিদপ্তরাধীন আবাসিক প্রতিষ্ঠানের নিবাসিদের জন্য খাদ্য ও খাদ্যানুষঙ্গিক মালামাল সরবরাহের জন্য দরপত্র আহ্বান ও অনুমোদনের লক্ষ্যে ৩ (তিন)টি নির্দেশনা অনুসরণের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.০৭.০০১.২৩.৮২ তারিখ তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) সমাজসেবা অধিদপ্তরাধীন সরকারি শিশু পরিবারসহ অন্যান্য আবাসিক প্রতিষ্ঠানসমূহে প্রাপ্ত দান/অনুদান সংক্রান্ত তথ্যাবলী নিয়মিত সংরক্ষণপূর্বক নির্ধারিত ছক অনুযায়ী মাসিক প্রতিবেদনের সহিত প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৪.০০১.২২.৮৫ তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) ১ অক্টোবর ৩৩তম আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২৩ উদযাপনের অংশ হিসেবে মোবাইল অপারেটরের মাধ্যমে মোবাইল ফোনে 'সর্বজনীন মানবাধিকার ঘোষণায় প্রবীণদের জন্যে প্রদত্ত প্রতিশ্রুতি পূরণে প্রজন্মের ভূমিকা'। সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয় ক্ষুদেবার্তাটি প্রেরণ করা হয়েছে।

(১৮) ০১ অক্টোবর ৩৩তম আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে পোস্টার ও লিফলেট সমাজসেবা অধিদপ্তরাধীন ১০৩২টি কার্যালয় এবং বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে।

## (১০) গ. আগামী ২ মাসে (অক্টোবর ২০২৩ ও নভেম্বর ২০২৩) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) অক্টোবর ২০২৩ মাসে নিয়মিত এবং বর্ধিত সকল ভাতাভোগীর ১ম কিস্তির ভাতা ও উপবৃত্তির অর্থ তাদের মোবাইল হিসাব নম্বরে জিটুপি পদ্ধতিতে প্রেরণ করা হবে এবং ২য় কিস্তির (অক্টোবর ২৩ হতে ডিসেম্বর ২৩ পর্যন্ত) অর্থ ছাড়ের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

(০২) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ অন্যান্য অনুদান (আবর্তক অনুদান/ক্ষুদ্রঋণ) খাতে ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকার বিল পাওয়া গেলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৩) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ প্রশিক্ষণ খাতে ১৩ লক্ষ ৭৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরি আদেশ পাওয়া গেলে জেলা/উপজেলা পর্যায়ে বিতরণ করা হবে।

(০৪) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১ম কিস্তি বাবদ ৫৩ লক্ষ টাকা ছাড়করণের মঞ্জুরি আদেশ পাওয়া গেছে যা মাঠ পর্যায়ে দ্রুত বিতরণ করা হবে।

(০৫) **গত ১৩, ১৪, ১৯ ও ২০ সেপ্টেম্বর ২০২৩ সমাজসেবা অধিদপ্তরে অনুষ্ঠিত পল্লী সমাজসেবা** (আরএসএস) কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন **কার্যক্রমের সকল ক্ষুদ্রঋণের আর্থিক হিসাবের সঠিকতা যাচাই ও অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষার প্রেক্ষিতে করণীয় বিষয়ে পদক্ষেপ গ্রহণ করে** অধিদপ্তরকে অবহিতকরণের জন্য **৩২ (বত্রিশ)** টি উপজেলা সমাজসেবা কার্যালয়কে পত্র প্রেরণ করা হবে।

(০৬) ২০২৩-২৪ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ১ম কিস্তি বাবদ ৫ কোটি ৯৫ লক্ষ ৮৫ হাজার টাকার চেক পাওয়া গেছে যা দ্রুত মাঠ পর্যায়ে বিতরণ করা হবে। ২০২৩-২৪ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২য় কিস্তি বাবদ ৬ কোটি ২৫ লক্ষ টাকা ছাড়করণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

(০৭) ২০২৩-২৪ অর্থবছরের শহর সমাজসেবা (ইউসিডি) কার্যক্রমের ১৫ কোটি টাকার মধ্যে আবর্তক ক্ষুদ্রঋণ খাতে ১৩ কোটি ৯০ লক্ষ টাকার ১ম কিস্তি বাবদ ছাড়কৃত ৩ কোটি ৪৭ লক্ষ ৫০ হাজার টাকার চেক অনুমোদিত হলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৮) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এস এস সি/২০২৩ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুতের নিমিত্ত প্রবেশপত্র সংগ্রহ করা হবে।

(০৯) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহিত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

ঘ. আগামী দুই মাসে (অক্টোবর ২০২৩ ও নভেম্বর ২০২৩) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

০৬/১০/২৩

মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

আদিল মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।